

পরিশিষ্ট - জ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবার পরিকল্পনা অধিদপ্তর  
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচী  
৬ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- পপঅ/সিসিএসডিপি/ ইমপ্লান্ট -৩৭/২০০৮/৭১৬৬/(৯৬০)

০৮/০৫/১৪১৭ বাং  
তারিখ: -----  
২৩/০৮/২০১০খ্রি:

প্রেরক : ডা: এ কে এম মাহবুবুর রহমান  
লাইন ডাইরেক্টর  
ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচী।

প্রাপক : মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা  
উপজেলা : -----  
জেলা : -----।

বিষয় : মাঠ পর্যায়ে চাহিদা অনুযায়ী ইমপ্ল্যানন সংগ্রহ করা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাদীন ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচীর উদ্যোগে ইতোমধ্যে দেশের অধিকাংশ জেলায় ইমপ্ল্যানন প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে। কেন্দ্রীয় পণ্যাগারসহ আঞ্চলিক পণ্যাগার গুলিতে পর্যাপ্ত পরিমাণে ইমপ্ল্যানন মজুদ রয়েছে। নিকটবর্তী পণ্যাগার হতে আপনার উপজেলায় ইমপ্ল্যাননের চাহিদা অনুযায়ী সরবরাহ নেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। উল্লেখ্য যে, ইমপ্ল্যানন তুলনামূলকভাবে মূল্যবান বিধায় গ্রহীতা নির্বাচনের সময় বিশেষভাবে মনে রাখতে হবে গ্রহীতা কমপক্ষে ০৩ বছর বা অধিক সময়ের জন্য বিরতীকরণ করতে আগ্রহী কি না? লক্ষ্য করা যাচ্ছে যে, বর্তমানে দেশের বিভিন্ন অঞ্চলে দীর্ঘমেয়াদী পদ্ধতি গ্রহীতাদের একটি বিরাট অংশ পদ্ধতি গ্রহণের পর তাদের স্বামী দীর্ঘ সময়ের জন্য দেশের বাইরে অবস্থান করেন ফলে গ্রহীতাগণ পদ্ধতি খোলার জন্য কেন্দ্রে আসেন। ইমপ্লান্ট প্রয়োগের ক্ষেত্রে বিষয়টি বিবেচনার জন্য অনুরোধ করা হল। গ্রহীতার সঠিক ইতিহাস গ্রহণ এবং গ্রহীতা বাছাই সঠিক হলে পূর্ণ মেয়াদে ইমপ্লান্ট পদ্ধতি রাখা সম্ভব হবে।

অতএব, জরুরি ভিত্তিতে আপনার উপজেলার চাহিদা অনুযায়ী নিকটবর্তী পণ্যাগার হতে প্রয়োজনীয় ইমপ্ল্যানন সরবরাহ নেয়ার জন্য অনুরোধ করা হল।

স্বাক্ষরিত

(ডা: এ কে এম মাহবুবুর রহমান)

লাইন ডাইরেক্টর

ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচী।

স্মারক নং- পপঅ/সিসিএসডিপি/ইমপ্ল্যান্ট-৩৭/২০০৮/৭১৬৬/১(১৪০)

০৮/০৫/১৪১৭ বাং  
তারিখ: -----  
২৩/০৮/২০১০খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। পরিচালক পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল ও রংপুর বিভাগ।
- ২। উপ পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল) -----।
- ৩। আঞ্চলিক সুপারভাইজার, এফপিএসটি-কিউএটি, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ ময়মনসিংহ/ যশোর/ সিলেট/ বরিশাল অঞ্চল।
- ৪। সহকারী পরিচালক (সিসি), ----- জেলা।
- ৫। মেডিক্যাল অফিসার (সিসি/ক্লিনিক), ----- জেলা।
- ৬। সহকারী পরিবার কল্যাণ কর্মকর্তা (সকল), ----- উপজেলা, ----- জেলা।
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিবার পরিকল্পনা অধিদপ্তর।

স্বাক্ষরিত

(ডা: নূরন নাহার বেগম)

সহকারী পরিচালক (কো: এ্যা:) এবং

ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার

ক্লিনিক্যাল কন্ট্রাসেপশন সার্ভিসেস ডেলিভারী কর্মসূচী।